মুজিবনগরে সারদীয় দুর্গাপূজা

উপলক্ষে প্রস্তুতিমূলক সভা

অনুষ্ঠিত

মুজিবনগরে আসন্ন সর্বজনীন শারদীয় দুর্গাপূজা উদযাপন উপলক্ষে পূজা মন্ডপসমুহের নিরাপত্তা, আইন শৃঙ্খলা পরিস্থিতি নিয়ন্ত্রণ ও প্রাসঙ্গিক বিষয়ে প্রস্তুতিমূলক সভা অনুষ্ঠিত হয়েছে। সোমবার
বেলা ১১ টার সময় উপজেলা প্রশাসনের আয়োজনে উপজেলা পরিষদ
মিলনায়তনে এ সভা অনুষ্ঠিত হয়। এই বছরে উপজেলার ৭টি পূজা মন্ডপে শারদীয় দূর্গা পূজা অনুষ্ঠিত হবে।

সভায় উপজেলা নির্বাহী অফিসার খাইরুল ইসলামের সভাপতিত্বে ও
সঞ্চালনায়। প্রস্তুতি সভায় উপস্থিত ছিলেন, উপজেলা সহকারী
কমিশনার ভূমি নাজমুস সাদাত রত্ন মুজিবনগর থানার অফিসার ইনচার্জ (ওসি) সাইফুল আলম, উপজেলা স্বাস্থ্য কমপ্লেক্সের স্বাস্থ্য ও পরিবার পরিকল্পনা কর্মকর্তা ডা: আসাদুজ্জামান, উপজেলা প্রকল্প বাস্তবায়ন কর্মকর্তা মাশরুবা আলম, উপজেলা জনসাস্থ্য প্রকৌশল অফিসার জাহাঙ্গীর আলম, বাগোয়ান ইউনিয়ন পরিষদের চেয়ারম্যান আয়ুব হোসেন, দারিয়াপুর ইউনিয়ন পরিষদের চেয়ারম্যান মাহবুব আলম রবি, উপজেলা আনসার ভিডিপি কর্মকর্তা ফেরদৌস আরা উপজেলা ফায়ার ব্রিগেড ও সিভিল ডিফেন্সের কর্মকর্তা শাহাজাহান আলী,, মুজিবনগর প্রেস ক্লাবের সভাপতি মুন্সি ওমর ফারুক প্রিন্স, সাংবাদিক হাসান মুস্তাফিজুর রহমান।মহাজনপুর পূজা উদযাপন কমিটির সভাপতি- তপন কুমার সাহা সাধারণ সম্পাদক- দীপক পাল।

বাবুপুর পূজা উদযাপন কমিটির সভাপতি- তাপস মন্ডল, সাধারণ
সম্পাদক- নিরঞ্জণ মন্ডল।কোমরপুর পূজা উদযাপন কমিটির সভাপতি-
অসিম হালদার, সাধারণ সম্পাদক- প্রভাস হালদার।মোনাখালী পূজা
উদযাপন কমিটির সভাপতি-নিরঞ্জণ কর্মকার, সাধারণ সম্পাদক- বিমল
ঘোষ,রতনপুর পূজা উদযাপন কমিটির সভাপতি উত্তম দাস, সাধারণ সম্পাদক- জয়দেব দাস।

বল্লভপুর পূজা উদযাপন কমিটির সভাপতি- দয়াল দাস,সাধারণ সম্পাদক-কার্তিক দাসদারিয়াপুর পূজা উদযাপন কমিটির সভাপতি-বিষু দাস,সাধারণ সম্পাদক সজল দাস সহ উপজেলা প্রশাসনের বিভিন্ন দপ্তরের কর্মরত

কর্মকর্তা কর্মচারী বৃন্দ উপস্থিত ছিলেন।

প্রস্তুতি সভায় মুজিবনগর উপজেলায় ৭টি পূজা মন্ডপে সিসি ক্যামেরার ব্যবস্থা করা, নিরবিচ্ছিন্ন বিদ্যুতের ব্যবস্থা করা, বিদ্যুতের বিকল্প হিসেবে সার্বক্ষণিক জেনারেটর এর ব্যবস্থা রাখা ও সতর্কতামূলকভাবে বিদ্যুৎ ব্যবহার, যেকোনো সমস্যায় প্রশাসনকে অবহিত করা, কারো কথায় বিভ্রান্ত না হওয়াসহ আইন শৃঙ্খলা পরিস্থিতি স্বাভাবিক রাখতে করনীয় বিষয়ে আলোচনা করা হয়।